

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
ওয়েব সাইট : www.bb.org.bd

এফ,ই সার্কুলার নং-১৭

আশ্বিন ০৩, ১৪১৮
তারিখ :-----
সেপ্টেম্বর ১৮, ২০১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

রপ্তানি খাতে দ্বিতীয় প্রণোদনা প্যাকেজের আওতায় নতুন বাজার সম্প্রসারণ সহায়তা
এবং বিদ্যুৎ বিলের উপর আর্থিক সুবিধা প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে এফ, ই সার্কুলার নং-২১ তারিখঃ ০৯/১১/২০১০ এবং এফ, ই সার্কুলার নং-১২
তারিখঃ ০৭/০৬/২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকার বস্ত্র খাতে দ্বিতীয় প্রণোদনা
প্যাকেজের আওতায় নতুন বাজার সম্প্রসারণ বাবদ সুবিধা এবং বিদ্যুৎ বিলের উপর আর্থিক সুবিধা প্রদানের বিষয়ে
নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

ক) নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (New Market Exploration Assistance)
প্রদান বিষয়ক এফ, ই সার্কুলার নং-২১ তারিখঃ ০৯/১১/২০১০ এর ০৪(ছ) নং অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে সংশোধন করা
হ'লঃ

“এফই সার্কুলার নং-৯, তারিখ মার্চ ০৫, ২০০১ অনুযায়ী নগদ সহায়তা অথবা এফ,ই সার্কুলার-নং ১৩,
তারিখ জুলাই ২১, ২০১০ এর সূত্রে যারা নগদ সুবিধা প্রাপ্য হবেন তারা বাজার সম্প্রসারণ সহায়তা বাবদ প্রদেয় সুবিধা
প্রাপ্য হবেন। তবে সেক্ষেত্রে রপ্তানি ভর্তুকী ৫ (পাঁচ) শতাংশ, ক্ষুদ্র ও মাঝারি বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের জন্য প্রদেয়
অতিরিক্ত সুবিধা ৫ (পাঁচ) শতাংশ (অর্থাৎ ১০ শতাংশ) এবং নতুন বাজার সম্প্রসারণ সুবিধাসহ সর্বমোট নগদ সহায়তা
ও প্রনোদনার পরিমাণ কোন অবস্থাতেই ১০ (দশ) শতাংশের অধিক হবে না”।

খ) দ্বিতীয় প্রণোদনা প্যাকেজের আওতায় বস্ত্র খাতে সরকার কর্তৃক প্রদত্ত বিদ্যুৎ বিলের উপর আর্থিক অনুদান
প্রদান বিষয়ক এফ, ই সার্কুলার নং-১২ তারিখঃ ০৭/০৬/২০১০ এর ক্যাপটিভ জেনারেটর সংক্রান্ত অনুচ্ছেদটি নিম্নরূপে
সংশোধন করা হ'লঃ

“বস্ত্র খাতের যে সকল ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠান ১(এক) মেগাওয়াট (MW) এর কম ক্ষমতা সম্পন্ন
জেনারেটর ব্যবহার করে নিজস্ব প্রয়োজনে বিদ্যুৎ উৎপাদন করে ঐ সকল প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত
এফ, ই সার্কুলার নং-১২ এর ০২(চ), তারিখঃ ০৭/০৬/২০১০ খিঃ অনুযায়ী বিদ্যুৎ বিলের উপর ১০% (দশ শতাংশ)
অনুদান প্রাপ্য হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জেনারেটর এর ক্ষমতা সম্পর্কে প্রত্যয়ন পত্র প্রদান করবে”।

০২। নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকী প্রদান সংক্রান্ত আলোচ্য সার্কুলার সহ অন্যান্য সকল সার্কুলার/সার্কুলার পত্রের
অপরাপর নির্দেশাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫